

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
(নেজারত শাখা)
www.bogra.gov.bd

নম্বর-০৫.৫০.১০০০.০০৯.১৮.০৬৩.২৪. ৩৫০

তারিখ : ২৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ ফয়সাল কবির, প্রসেস সার্ভার, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত, কাহালু, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শেরপুর, বগুড়া) এর বিরুদ্ধে যথাক্রমে ১। জনাব মোঃ আব্দুল বারী, প্রসেস সার্ভার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সোনাতলা, বগুড়া ২। জনাব মোঃ আব্দুল মতিন, প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ দ্যা হলিভিশন স্কুল এ্যান্ড কলেজ, বগুড়া ও ৩। জনাব মোঃ আব্দুস ছালাম শেখ, প্রোঃ-নিউ বগুড়া অটো সেন্টার, গোহাইল রোড, সুত্রাপুর, বগুড়া এর নিকট থেকে যথাক্রমে ২০১৬ সালে হাইস মাইক্রোবাস বিক্রয়ের কথা বলে ৭,৫০,০০০/-সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, একটি স্কুল বাস প্রদানের ব্যবস্থা করার আশ্বাস দিয়ে ১৩,১৩,৭০০/-(তেরো লক্ষ তেরো হাজার সাতশত) টাকা এবং পুরাতন ব্যাটারি বিক্রয়ের কথা বলে ১,৩৫,০০০/-(এক লক্ষ পয়ত্রিশ হাজার) টাকা গ্রহণপূর্বক আত্মসাৎ করেন; এবং

০২. যেহেতু, উল্লিখিত অভিযোগগুলোর বিষয়ে সরজমিনে তদন্ত করার জন্য জনাব খালিদ বিন মনসুর, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়াকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার তদন্তে অভিযোগকারীগণের নিকট হতে গৃহীত টাকা আত্মসাৎ করার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

০৩. যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ 'অসদাচরণ' ও 'দুর্নীতির সামিল', যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর আওতাভুক্ত অপরাধ হিসেবে গণ্য হওয়ায় উক্ত বিধি অনুযায়ী তার বিরুদ্ধে ১/২০২৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

৪. সেহেতু, জনাব মোঃ ফয়সাল কবির, প্রসেস সার্ভার, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত, কাহালু, জেলা প্রশাসকের কার্যালয়, (বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শেরপুর, বগুড়া) বগুড়া-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) বিধি অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হলো।

৫. প্রচলিত সরকারি বিধি মোতাবেক তিনি সাময়িক বরখাস্তকালীন খোরাকি ভাতা প্রাপ্য হবেন।

৬. জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ সাইফুল ইসলাম)

জেলা প্রশাসক

বগুড়া

ফোন : ০২৫৮৯৯০০০২০ (অফিস)

ই-মেইল : dcbogura@mopa.gov.bd

নম্বর-০৫.৫০.১০০০.০০৯.১৮.০৬৩.২৪. ৩৫০ (২০০)

তারিখ : ২৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০২। জেলা প্রশাসক (বগুড়া ব্যতীত সকল)
- ০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া

- ০৬। এনডিসি/আরডিসি/এলএও/জিসিও, বগুড়া
- ০৭। সহকারী কমিশনার(ভূমি), (সকল), বগুড়া
- ০৮। সহকারী কমিশনার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ১০৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (এ কার্যালয়ের ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)
- ১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, শেরপুর, বগুড়া
- ১১। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা/সাধারণ শাখা জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ১২। জনাব মোঃ ফয়সাল কবির, প্রসেস সার্ভার, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত, কাহালু, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শেরপুর, বগুড়া)
- ১৩। অফিস কপি/ব্যক্তিগত নথি


জেলা প্রশাসক
বগুড়া